

২০১৯

বাংলা — সাম্মানিক

অষ্টম পত্র

পূর্ণমান - ১০০

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

(উত্তরের শব্দসংখ্যা পাঠ্যক্রম অনুসারে মান্য করতে হবে।)

- ১। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও।
- (ক) কালিদাস রচিত নাটকগুলির নাম উল্লেখ করে যে-কোনো দুটি নাটক অবলম্বনে নাট্যকার হিসাবে তাঁর কৃতিত্বের পরিচয় দাও। ৩+৬+৬
- (খ) বাণভট্ট রচিত দুটি শ্রেষ্ঠ রচনার নাম লেখো। যে-কোনো একটি রচনা অবলম্বনে বাণভট্টের সাহিত্য প্রতিভার মূল্যায়ন করো। ২+১৩
- (গ) 'গীতগোবিন্দম্' কাব্যটির সংক্ষিপ্ত পরিচয় দাও। এটি অবলম্বন করে কবি হিসাবে জয়দেবের কৃতিত্ব বিচার করো। ৫+১০
- ২। যে-কোনো দুটি বিষয় সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো। ৫+৫
- মেঘদূতম্, কুমারসম্ভবম্, রঘুবংশম্, মুচ্ছকটিকম্, উত্তররামচরিত
- ৩। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও।
- (ক) সনেট রচনায় শেকস্পিয়রের মূল্যায়না আলোচনা করে কবি হিসাবে তাঁর বৈশিষ্ট্য ও কৃতিত্ব নিরূপণ করো। ১৫
- (খ) রোমান্টিক যুগের অন্যতম শ্রেষ্ঠ কবি কিটস্-এর কাব্য প্রতিভার পরিচয় দাও। ১৫
- (গ) চার্লস ডিকেন্স রচিত দুটি উপন্যাস অবলম্বনে উপন্যাসিক হিসাবে তাঁর কৃতিত্ব বিচার করো। ১৫
- ৪। যে-কোনো দুটি বিষয় সম্পর্কে আলোচনা করো। ৫+৫
- দি মার্চেন্ট অফ ভেনিস, প্যারাডাইস লস্ট, আইভ্যান হো, লিরিক্যাল ব্যালাডস্, আর্মস্ অ্যান্ড দি ম্যান।
- ৫। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও।
- (ক) প্রেমচন্দ্রের ছোটগল্পগুলি অবলম্বনে গল্পকার হিসাবে তাঁর কৃতিত্বের পরিচয় দাও। ১৪
- (খ) ছায়াবাদী কবি সূর্যকান্ত ত্রিপাঠী নিরালার রচনাগত বিশেষত্ব আলোচনা করো। ১৪
- (গ) হিন্দি উপন্যাস সাহিত্যে ফণীশ্বরনাথ রেণুর অবদান আলোচনা করো। ১৪

Please Turn Over

৬। যে-কোনো একটি বিষয়ে সংক্ষিপ্ত আলোচনা করো।

সেবাসদন, অক্ষয় নগরী, নীরজা

8

৭। (ক) "কাব্যের আত্মা বাচ্য নয়, ব্যঞ্জনা — কথা নয়, ধ্বনি, রসধ্বনি" — আলোচনা করো।

১৬

অথবা,

(খ) সংক্ষিপ্ত আলোচনা করো (যে-কোনো দুটি)।

(অ) রীতিরাম্বা কাব্যস্য

৮+৮

(আ) বিভাব ও সঞ্চরীভাব

(ই) নবরস।

৮। (ক) "ভাষার মধ্যে এই ভাষাতীতকে প্রতিষ্ঠিত করিবার জন্য সাহিত্য প্রধানত ভাষার মধ্যে দুইটি জিনিস মিশাইয়া থাকে, চিত্র এবং সংগীত।" — মন্তব্যটি রবীন্দ্রনাথের 'সাহিত্যের তাৎপর্য' প্রবন্ধ অবলম্বনে বিশ্লেষণ করো।

১৬

অথবা,

(খ) যে-কোনো দুটি উদ্ধৃতি সংক্ষেপে আলোচনা করো।

৮+৮

(ক) সাহিত্য ব্যক্তিবিশেষের নহে, তাহা রচয়িতার নহে, তাহা দৈববাণী।

(খ) এইজন্যই সাহিত্য ঠিক প্রকৃতির আরশি নহে।

(গ) এইরূপে বুকিলে সত্যের অনুভূতি ও সৌন্দর্যের অনুভূতি এক হইয়া দাঁড়ায়।